

# ২০২৬ সালের এসএসসি পরীক্ষা করে, জানালেন বোর্ড কর্মকর্তা

অনলাইন ডেঙ্ক

প্রকাশিত: ১২:৪৩, ৩০ অক্টোবর ২০২৫



ছবি: সংগৃহীত

২০২৬ খ্রিষ্টাব্দের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমান পরীক্ষা আগামী এপ্রিলের শেষ সপ্তাহে শুরু হতে পারে। বিভাগ বিভাজন পুনরায় চালু করে নতুন সিলেবাসে পরীক্ষা আয়োজন এবং শিক্ষার্থীদের পড়াশোনার ঘাটতির কারণে এবার সময়সূচিতে কিছুটা পরিবর্তন আসতে পারে বলে জানিয়েছে সংশ্লিষ্টরা। এছাড়া আগামী ফেব্রুয়ারিতে জাতীয় সংসদ নির্বাচন থাকায় সেটিও বিবেচনায় রাখা হয়েছে।

মঙ্গলবার (২৮ অক্টোবর) ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের কর্মকর্তারা এক গণমাধ্যমকে জানান, নতুন সিলেবাসে এসএসসি পরীক্ষা এপ্রিলের শেষ দিকে শুরু করার পরিকল্পনা নেওয়া হয়েছে।

ঢাকা বোর্ডের এক কর্মকর্তা বলেন, “গত বছর এসএসসি পরীক্ষা হয়েছিল ১৬ এপ্রিল। এবার আমাদের টার্গেট ৩০ এপ্রিলের দিকে শুরু করা। নির্বাচন ফেব্রুয়ারিতে হোক বা না হোক, সেটি মূল কারণ নয়— এবার নতুন সিলেবাসে পরীক্ষা হচ্ছে।”

তিনি আরও বলেন, “যারা এবার এসএসসি দেবে, তাদের নবম শ্রেণিতে প্রায় আট মাস নষ্ট হয়েছে। দশম শ্রেণিতে সময় কম পেয়েছে। এজন্য টেস্ট পরীক্ষা যেখানে আগে ১৬ নভেম্বরের মধ্যে শেষ হতো, এবার তা ৩০ ডিসেম্বরের মধ্যে শেষ হবে।”

শিক্ষা মন্ত্রণালয়ের বিধান অনুযায়ী, ৩০ ডিসেম্বরের মধ্যে পরীক্ষার্থীর সংখ্যা চূড়ান্ত করে ফরম পূরণের তথ্য বিজি প্রেসে পাঠাতে হয়। ফরম পূরণ শেষে প্রশ্ন ছাপানোর কাজ শুরু হবে, যা মার্চের শেষ পর্যন্ত

চলবে। ফলে এপ্রিলের ত্রিশ তারিখ নাগাদ পরীক্ষা নেওয়া সম্ভব হতে পারে বলে কর্মকর্তারা জানিয়েছেন।

অন্তর্বর্তী সরকার দায়িত্ব নেওয়ার পর গত ১ সেপ্টেম্বর শিক্ষা মন্ত্রণালয় ‘জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১’ বাতিল করে ২০১২ সালের শিক্ষাক্রমে ফিরে আসে। সেই অনুযায়ী নতুন সিলেবাস তৈরি করা হয়েছে এবং ২০২৬ সালের এসএসসি পরীক্ষার্থীরা এবার সেই সিলেবাসে অংশ নেবেন।

আন্তর্শিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সিদ্ধান্ত অনুযায়ী,

নিয়মিত পরীক্ষার্থীরা পুনর্বিন্যসকৃত সংক্ষিপ্ত সিলেবাস অনুযায়ী পরীক্ষা দেবে,

আর অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থীরা ২০২৫ সালের পূর্ণাঙ্গ সিলেবাসে পরীক্ষা দেবে।

বোর্ড কর্মকর্তারা মনে করছেন, এই সময়সূচি শিক্ষার্থীদের পড়াশোনার ঘাটতি পূরণ ও সুষ্ঠু প্রস্তুতির সুযোগ করে দেবে।